

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৮২/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ০২ জানুয়ারি, মঙ্গলবার ২০২৪, ১৮ পৌষ ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। যেকোনো মূল্যে ভোটকেন্দ্রের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ঠিক রাখতে হবে
- ০২। বিজিবিকে সর্বোচ্চ পেশাদারিত্বের সাথে দায়িত্ব পালনে বিজিবি মহাপরিচালকের নির্দেশ
- ০৩। ময়মনসিংহে বই বিতরণ উৎসবের উদ্বোধন
- ০৪। এগিয়ে চলেছে নির্বাচনী প্রচারণা

০১। যেকোনো মূল্যে ভোটকেন্দ্রের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ঠিক রাখতে হবে

প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী হাবিবুল আউয়াল বলেছেন, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে যেকোনো মূল্যে ভোটকেন্দ্রের পরিস্থিতি সুন্দর রাখতে হবে। সেজন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সবাইকে নির্দেশনা দেওয়া হয়েছে। সোমবার (০১ জানুয়ারি) সকালে রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটদের দিনব্যাপী প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সিইসি আরও বলেন, নির্বাচনে সহিংসতাকে কোনোভাবেই বরদাস্ত করা উচিত না। এটি জনমনে ভীতির সৃষ্টি করে। সেটা প্রতিরোধ করতে হবে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

০২। বিজিবিকে সর্বোচ্চ পেশাদারিত্বের সাথে দায়িত্ব পালনে বিজিবি মহাপরিচালকের নির্দেশ

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটাররা যাতে নির্বিঘ্নে কেন্দ্রে এসে ভোট দিতে পারে সে লক্ষ্যে এবং নির্বাচনকালীন দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সমুল্লত রাখতে সর্বোচ্চ পেশাদারিত্বের সাথে দায়িত্ব পালন করতে বিজিবি সদস্যদের নির্দেশ দিয়েছেন বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) মহাপরিচালক মেজর জেনারেল এ কে এম নাজমুল হাসান। সোমবার (০১ জানুয়ারি) কুষ্টিয়া ঝিনাইদহ ও মাগুরা জেলায় বিজেপির নির্বাচনী বেস ক্যাম্প পরিদর্শন এবং বিজেপি সদস্যদের সাথে মতবিনিময় কালে এই নির্দেশনা প্রদান করেন তিনি। সূত্র: দৈনিক নিউ টাইমস ও আজকের বাংলাদেশ।

০৩। ময়মনসিংহে বই বিতরণ উৎসবের উদ্বোধন

সারাদেশের ন্যায় ময়মনসিংহে উৎসবমুখর পরিবেশে ২০২৪ সালের প্রথম দিনে বই বিতরণ উৎসব উদযাপিত হয়েছে। ময়মনসিংহ বিভাগের জেলা ও উপজেলার বিভিন্ন সরকারি-বেসরকারি বিদ্যালয়ে উৎসবের আয়োজন করে শিক্ষার্থীদের মধ্যে নতুন বই বিতরণ করে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা বিভাগ। সোমবার (০১ জানুয়ারি) নগরীর বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে বেলুন উড়িয়ে বই বিতরণ উৎসবের উদ্বোধন করেন প্রধান অতিথি ময়মনসিংহ বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া। নগরীর প্রিমিয়ার আইডিয়াল হাইস্কুলে শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দিয়ে বই বিতরণ উৎসবের উদ্বোধন করেন প্রধান অতিথি সিটি কর্পোরেশনের মেয়র মোঃ ইকরামুল হক টিটু। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস, আজকের বাংলাদেশ ও দৈনিক আজকের ময়মনসিংহ।

০৪। এগিয়ে চলেছে নির্বাচনী প্রচারণা

ময়মনসিংহ বিভাগের বিভিন্ন আসনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নির্বাচনী প্রচারণা এগিয়ে চলেছে। নির্বাচনের কয়েক দিন বাকি থাকতে প্রচারণা কার্যক্রম আরো গতিলাভ করেছে। প্রার্থীগণ পথসভা করছেন, লিফলেট বিতরণ করছেন, মাইকিংয়ে চলছে প্রচারণা। বিচ্ছিন্ন দু'একটি অপপ্রীতিকর ঘটনার কথা বাদ দিলে নির্বাচনী প্রচারণা চলছে নির্বিঘ্নে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস, দৈনিক আজকের ময়মনসিংহ ও আজকের বাংলাদেশ।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ ও আজকের বাংলাদেশ:** সামাজিক বৈষম্য, আর্থিক নিরাপত্তার ঘাটতি, খাদ্যপণ্যের আমদানি নির্ভরতা ও কৃষিখাতে কার্যকর পদক্ষেপের অভাবে কৃষকরা তাদের পেশা ছাড়ছেন। এই অবস্থা চলতে থাকলে একসময় কৃষিকাজ নিশ্চিহ্ন হয়ে যাবে। সরকারকে কৃষি খাতে নজর দিতে হবে। 'কৃষক বাঁচলে দেশ বাঁচবে'।
- (খ) **দৈনিক স্বজন:** দেশে দারিদ্র্যের হার কমলেও আয়বৈষম্য বাড়ছে। অথচ সবার মধ্যে অর্জনের সুফল সমানভাবে বন্টিত হলেই উন্নয়ন টেকসই হয়। এজন্য উন্নয়ন-ভাবনা ও কর্মসূচি প্রণয়নে সরকারের জনকল্যাণকে প্রাধান্য দিতে হবে।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। কর্মজীবী মায়েদের অন্তহীন সংগ্রাম-রাজু আহমেদ। সূত্র: দৈনিক নিউ টাইমস, দৈনিক আজকের বাংলাদেশ।
- ০১। ডিজিটাল থেকে স্মার্ট বাংলাদেশ-তাপস হালদার। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা।